

উপজেলা পরিষদের উপজেলা কৃষি ও সেচ কমিটির জানুয়ারি/২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী
কামারখন্দ উপজেলা পরিষদ,সিরাজগঞ্জ।

সভার তারিখঃ ১৯/০১/২০২৩খ্রি.

সময় : সকাল ১০.০০ঘটিকা


স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

উপস্থিত সদস্যগণের তালিকা “পরিশিষ্ট-ক”

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। অতঃপর পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সদস্য সচিব চলতি মৌসুমে অত্র উপজেলায় বিভিন্ন ফসলের আবাদের চলমান অবস্থা বিস্তারিত আলোচনা করেন এবং সভায় জানান যে গত মৌসুমের মাঠের ফসল উৎপাদন ভাল হয়েছে। সদস্য সচিব সভায় আরও জানান যে সার, বীজ ও বালাইনাশক সরবরাহ ও মজুদ পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে রয়েছে। সভাপতি বলেন ব্যবসায়ীগণ যাতে ভেজাল অথবা মেয়াদ উত্তীর্ণ সার, বীজ ও বালাইনাশক বিক্রয় করতে না পারে সে বিষয়ে তদারকি ও মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করা প্রয়োজন। সভায় উপস্থিত সদস্যগণ বলেন সার, বীজ বালাইনাশক, ধান, চাল, গমসহ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র অবৈধভাবে মজুদ করে যাতে অধিক দামে বিক্রয় করতে না পারে সে বিষয়ে নিয়মিত তদারকি ও মনিটরিং করতে হবে। এছাড়া বিবিধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সার, বীজ ও বালাইনাশক কোন অসাধু ব্যবসায়ী অবৈধভাবে মজুদ করে যাতে অধিক দামে বিক্রয় করতে না পারে সে বিষয়ে নিয়মিত তদারকি ও মনিটরিং ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


(মোছঃ সম্পা খাতুন)
সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

কামারখন্দ, সিরাজগঞ্জ।

স্মারক নং-১২.১৮.৮৮৪৪.০৪১.০৬.০২৬.২২-৬৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :


১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ।

৩। , কামারখন্দ, সিরাজগঞ্জ।

৪। অফিস কপি।

তারিখ : ১৯/০১/২০২৩খ্রি.


সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও






উপজেলা কৃষি অফিসার

কামারখন্দ, সিরাজগঞ্জ।

উপজেলা পরিষদের কৃষি ও সেচ কমিটির জানুয়ারি/২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

(পরিশিষ্ট-ক)

তারিখঃ ১৯/০১/২০২৩খ্রি.

ক্রমিক নং	নাম/পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছা ঃ সম্পা খাতুন মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ।	সভাপতি	
০২	চেয়ারম্যান, ১নং ভদ্রঘাট ইউপি কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য	
০৩	চেয়ারম্যান, ৩নং জামতৈল ইউপি কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য	
০৪	চেয়ারম্যান, ৪নং রায়দৌলতপুর ইউপি কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য	
০৫	উপজেলা কৃষি অফিসার কামারখন্দ, সিরাজগঞ্জ।	সদস্য সচিব	

কামারখন্দ উপজেলা পরিষদ
জেলা : সিরাজগঞ্জ।

স্মারক নং-১২.১৮.৮৮৪৪.০৪১.০৬.০২৬.২২-৫৪

তারিখ : ১৫/০১/২০২৩খ্রি.

সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, উপজেলা পরিষদের কৃষি ও সেচ কমিটির পরবর্তী সাধারণ সভা আগামী ১৯/০১/২০২৩খ্রি.তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

- ১। বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করণ
- ২। বিগত সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
- ৩। উপজেলা পরিষদের বিগত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত
- ৪। বিবিধ।

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৩। , কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৪। অফিস কপি।